

## 💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৫০৮

৯. কিতাবুস সালাত (کتاب الصلاة)

পরিচ্ছেদঃ প্রচন্ড গরমের সময় সালাত দেরি করে যোহরের সালাত আদায় করার নির্দেশের কারণ

ذِكْرُ الْعِلَّةِ الَّتِي مِنْ أَجْلِهَا أُمِرَ بِالْإِبْرَادِ بِالظُّهْرِ فِي شِدَّةِ الْحَرِّ

## আরবী

1508 ـ أَخْبَرَنَا عُمَرُ بْنُ سَعِيد بْنِ سِنَانٍ قَالَ: أَخْبَرَنَا أَحْمَدُ بْنُ أَبِي بَكْرٍ عَنْ مَالِكٍ عَنْ عَبْدِ اللَّهِ بْنِ يَزِيدَ مَوْلَى أَسْوَدَ بْنِ سُفْيَانَ عَنْ أَبِي سَلَمَةَ بْنِ عَبْدِ الرَّحْمَنِ وَمُحَمَّد بْنِ عَبْدِ اللَّهِ بْنِ يَزِيدَ مَوْلَى أَسُودَ بْنِ سُفْيَانَ عَنْ أَبِي هُرَيْرَةَ أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: (إِذَا كَانَ الْحَدِّ فَا بْرِدُوا بِالصَّلَاةِ فَإِنَّ شِدَّةَ الْحَرِّ مِنْ فَيْحِ جَهَنَّم) الْحَدُّ فَأَبْرِدُوا بِالصَّلَاةِ فَإِنَّ شِدَّةَ الْحَرِّ مِنْ فَيْحِ جَهَنَّم) وَذُكِرَ أَنَّ النَّارَ اشْتَكَتْ إِلَى رَبِّهَا فَأَذِنَ لَهَا بِنَفَسَيْنِ: نَفَسٍ فِي الشِّبَاءِ وَنَفَسٍ في الصيف. وَذُكِرَ أَنَّ النَّارَ اشْتَكَتْ إِلَى رَبِّهَا فَأَذِنَ لَهَا بِنَفَسَيْنِ: نَفَسٍ فِي الشِّبَاءِ وَنَفَسٍ في الصيف. الراوي : أَبُو هُرَيْرَةَ ا المحدث : العلامة ناصر الدين الألباني ا المصدر : التعليقات الراوي : أَبُو هُرَيْرَةَ ا المحدث : العلامة ناصر الدين الألباني ا المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان الصفحة أو الرقم: 1508 ا خلاصة حكم المحدث : صحيح - ((صحيح أبي داود)) الصفحة أو الروض)) (1049) ((الروض)) (1049)

## বাংলা

১৫০৮. আবৃ হুরাইরা রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, আল্লাহর নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, "যখন প্রচন্ড উত্তাপ হবে তখন তোমরা (এই সময়ে যোহরের) সালাতকে শীতল করে (বিলম্বে) আদায় করবে। কেননা নিশ্চয়ই এই উত্তাপ জাহান্নামের শ্বাস থেকে আসে।"

এবং বলা হয় যে, "জাহান্নাম তার প্রতিপালকের কাছে অভিযোগ করলে, মহান আল্লাহ তাকে দুটি নিঃশ্বাস ছাড়ার অনুমতি দেন। আর তা হলো শীতকালে একটি নিঃশ্বাস, গ্রীষ্মকালে একটি নিঃশ্বাস।"[1]

## ফুটনোট

[1] মুয়াত্তা ইমাম মালিক: ১/১৬; মুসনাদ ইমাম শাফে জ: ১/৪৮; সহীহ মুসলিম: ৬১৭; তাহাবী, শারহু মা আনিল



আসার: ১/১৮৭; সুনান বাইহাকী: ১/৪৩৭।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাউদ: ৪৩১)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন